সমকাল

তারিখ 24 MAR 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৬

# এমপিওভুক্ত শিক্ষকদের নতুন বেতন স্কেলে অন্তর্ভুক্তির দাবি

■ সমকাল প্রতিবেদক

এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের নতুন জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্তির দাবি জানিয়েছে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট। গতকাল শনিবার জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি করা হয়।

বেসরকারি শিক্ষকদের বাড়ি ভাড়া, ইনক্রিমেন্ট, চিকিৎসা, উৎসব ভাতা সরকারি শিক্ষক-কর্মচারীদের অনুরূপ হারে প্রদান, শর্ত পূরণকারী স্কুল-কলেজ ও অনার্স-মাস্টার্সে পাঠদানকারী শিক্ষকদের অবিলম্বে এমপিওভুক্তি, বেসরকারি শিক্ষক-কর্মচারী অবসর বোর্ড ও কল্যাণ ট্রাস্টে প্রতি বছর জাতীয় বাজেটে সহায়ক অঙ্কের অর্থ বরাদ্দসহ মোট ১১ দফা দাবি জানিয়েছে সংগঠনটি। এ ছাড়া অবসর গ্রহণের সর্বোচ্চ দুই মাসের মধ্যে শিক্ষক-কর্মচারীদের প্রাপ্য নিশ্চিত করতে সরকারের কাছ থেকে সিড মানি হিসেবে অবসর বোর্ডে পাঁচ হাজার কোটি টাকা ও কল্যাণ ট্রাস্টে দেড় হাজার কোটি টাকা এককালীন বরাদ্দের দাবি করা হয়। শিক্ষক-কর্মচারীদের চাকরির মেয়াদ ৬৫ বছর পর্যন্ত বৃদ্ধির দাবিও তুলেছেন শিক্ষকরা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য দেন জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের আহ্বায়ক অধ্যক্ষ আসাদুল হক।

■ উপস্থিত ছিলেন কলেজ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, কারিগরি শিক্ষক সমিতির সভাপতি এমএ সাত্তার, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব এসএমএ জলিল ও সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোহাম্মদ আলী চৌধুরী প্রমুখ।